উপজেলা পরিষদ

জামালগঞ্জ, সুনামগঞ্জ।

## নভেম্বর/ ২০১৭ মাসের মাসিক সভা এর কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব মোঃ সামছুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।

তারিখ ঃ ১৪/১১/২০১৭ খ্রিষ্টাব্দ, সময়ঃ সকাল- ১১.০০ ঘটিকা।

উপস্থিত/ অনুপস্থিত সদস্যের তালিকা এবং উপজেলার সকল সরকারী বিভাগের প্রধানের তালিকা পরিশিষ্ট "ক" তে উল্লেখ করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভা পরিচালনা করার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের সদয় দৃষ্টি আকর্ষণ করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী হলে তা উপস্থাপনের অনুরোধ করেন। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী | দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| ০২। | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির পর্যালোচনা ঃ | | |
| ০৩। | কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ- | | |
| ০৪। | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনা ঃ | | |
| | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশকৃত প্রকল্প সমূহ প্রকল্প বাস্তবায়নের জন্য উপস্থাপন করেন । উপস্থাপিত প্রকল্পগুলি নিয়ে আলোচনা হয়। | পরবর্তীতে এ বিষয়ে বরাদ্দ সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী,<br>জামালগঞ্জ। |
| ০৫। | পরিষদের আয়- ব্যয় হিসাবের উপর আলোচনা। | - | - |
| বিবিধ<br>০৬।<br>(ক) | সাচনা বাজার ইউপি চেয়ারম্যান সভায় জানান, উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রতি বছর শিক্ষার্থীর মধ্যে ৪ লক্ষ টাকা বৃত্তি প্রদান করা যায়। উক্ত কার্যক্রম সংশ্লিষ্ট স্থায়ী কমিটির মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে শিক্ষা বৃত্তি কার্যক্রম সংশ্লিষ্ট স্থায়ী কমিটি বাস্তবায়নের নিমিত্তে দ্রুত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট স্থায়ী কমিটি। |
| (খ) | চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান, উপজেলা পরিষদের জীপগাড়িটি মেরামত করা অতীব প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের জীপগাড়ির মেরামত কাজ উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| (গ) | উপজেলা পরিষদের পুকুরের কচুরিপানা ও পরিষদের বাসাবাড়ির আশপাশ পরিষ্কার করা অতীব জরুরী। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উক্ত উপজেলা পরিষদের পুকুরের কচুরিপানা ও পরিষদের বাসাবাড়ির আশপাশ পরিষ্কার করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| (ঘ) | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রকল্প যাচাই-বাছাই কমিটির ২৯/১০/২০১৭ খ্রিঃ তারিখের কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। প্রকল্প যাচাই-বাছাই কমিটি নিম্নলিখিত ০৩(তিন)টি প্রকল্প বাস্তবায়নের সুপারিশ করেন।<br>১। আলহাজ্ব ঝুনু মিয়া উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও প্রশাসনিক ভবন নির্মাণ।<br>২। বেহেলী উচ্চ বিদ্যালয়ের নতুন শ্রেণিকক্ষ নির্মাণ।<br>৩। ভীমখালী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে প্রকল্প যাচাই-বাছাই কমিটি নিম্নলিখিত প্রকল্পগুলি ১। আলহাজ্ব ঝুনু মিয়া উচ্চ বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও প্রশাসনিক ভবন নির্মাণ। ২। বেহেলী উচ্চ বিদ্যালয়ের নতুন শ্রেণিকক্ষ নির্মাণ ৩। ভীমখালী উচ্চ বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করার নিমিত্তে সভায় সর্বসম্মতিক্রমে বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উপজেলা প্রকৌশলী, জামালগঞ্জ ও উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর(ইউডিএফ) জামালগঞ্জকে দ্রুত ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ।<br>৩। উপজেলা প্রকৌশলী,<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ।<br>ও<br>৪। উপজেলা ডেভেলপমেন্ট ফেসিলিটেটর, জামালগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| (ঙ) | চেয়ারম্যান ফেনারবাঁক ইউপি সভায় জানান, ভীমখালী ইউপির কারেন্টের বাজার সংলগ্ন ব্রীজটি অনেকদিন যাবত ভাঙ্গা ছিল। পরবর্তীতে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নির্দেশে ভীমখালী ইউনিয়নের ইউপি সদস্য জনাব জিল্লুর রহমান জনসাধারণের যাতায়াতের সুবিধার্থে বাঁশের সাকো নির্মাণ করেন। এতে ৭০,০০০/- টাকা ব্যয় হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে জনসাধারণের গুরুত্বের দিক বিবেচনা করে ইউনিয়ন পরিষদের ১% হতে বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ভীমখালী ইউপির কারেন্টের বাজার সংলগ্ন ব্রীজটির বিল জনাব জিল্লুর রহমানকে ইউনিয়ন পরিষদের ১% হতে বিধি মোতাবেক পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ. |
| (চ) বিভাগ ভিত্তিক আলোচনা | | | |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, তাঁর বিভাগের কার্যক্রম ভালই চলছে। হাসপাতালের এ্যাম্বুলেন্স এর ড্রাইভার আপাতত রাস্তা ভাল না হওয়া পর্যন্ত এ্যাম্বুলেন্স চালানো (অক্টোবর/১৭ হতে)বন্ধ থাকবে এবং হাসপাতালের পরিচ্ছন্নতাকর্মী ২জন এর মাসিক বেতন ৫০০০/- টাকা হারে ইউপি চেয়ারম্যানগণ বাৎসরিক ১,২০,০০০/- টাকা প্রদান করবেন । এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | স্বাস্থ্য বিভাগের এ্যাম্বুলেন্স এর ড্রাইভার অক্টোবর/১৭ হতে বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এবং পরিচ্ছন্নতাকর্মী ২জন এর মাসিক বেতন ৫০০০/- টাকা হারে ইউপি চেয়ারম্যানগণ বাৎসরিক ১,২০,০০০/- টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>ও<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, জামালগঞ্জ।<br>৪। ......................ইউপি চেয়ারম্যান (সকল)<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| উপজেলা প্রকৌশলী বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা পরিষদকে ইজিপিতে অন্তর্ভূক্তির জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ২৩/১০/২০১৭ খ্রিঃ তারিখের ৪৬.০৪৫. ০২২.১০৩৬.০৩৬.২০১৬-১০১১নং স্মারকে ই-জিপিতে নিবন্ধিত হওয়ার জন্য সিপিটিইউ ভবন, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকায় যোগাযোগ করে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা রয়েছে। এজন্য উপজেলা পরিষদের ডুমেইন আইডি ও সার্ভার স্থাপনের জন্য আনুমানিক ২৫ হাজার টাকা ব্যয় হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>তাছাড়া তিনি আরো জানান ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি খাতে উন্নয়ন প্রকল্পের তালিকা পাওয়া গেছে। দ্রুত যাচাই-বাচাই করে পরিষদের অনুমোদন নেয়া হবে। | উপজেলা পরিষদকে ইজিপিতে অন্তর্ভূক্তির জন্য ডুমেইন আইডি ও সার্ভারসহ অন্যান্য ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২০১৭-১৮ অর্থ বছরের এডিপি খাতে উন্নয়ন প্রকল্পের তালিকা দ্রুত যাচাই-বাচাই করে পরিষদের অনুমোদন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী,<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান কৃষি পুনঃভাষন প্রকল্পে অত্র উপজেলায় ২৮ হাজার কৃষককে মধ্যে বীজ, সার বিতরণ শুরু হয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | কৃষি পুনঃভাষন প্রকল্পের কৃষি ভর্তুকী সুষ্ঠুভাবে বীজ, সার বিতরণ নিমিত্তে উপজেলা কৃষি কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা কৃষি কর্মকর্তা,<br>জামালগঞ্জ। |
| উপজেলা শিক্ষা বিভাগ | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা আগামী ১৯/১১/২০১৭ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত হবে। তাই প্রশ্নপত্র উত্তোলনের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা সুনামগঞ্জ এ গমন করেছেন। | প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা সুষ্ঠভাবে পরিচালনার নিমিত্তে উপজেলা শিক্ষা কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা শিক্ষা কর্মকর্তা<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা অনুপস্থিত। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা মৎস্য কর্মকর্তা অনুপস্থিত। | উপজেলা মৎস্য কর্মকর্তা<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। ৪ঠা নভেম্বর/১৭ জাতীয় সমবায় দিবস সফলভাবে সম্পন্ন হয়েছে। এজন্য সকলকে সমবায় বিভাগের পক্ষথেকে ধন্যবাদ জানান। | সমবায় বিভাগের কার্যক্রম ভালভাবে পরিচালনার নিমিত্তে উপজেলা সমবায় কর্মকর্তা যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা সমবায় কর্মকর্তা<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা,<br>জামালগঞ্জ। |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা অনুপস্থিত।<br>অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যা করবেন। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা<br>জামালগঞ্জ, সুনামগঞ্জ। |
| মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভাল ভাবেই চলছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সহ বিভাগীয় কার্যক্রম সঠিক ভাবে পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালগঞ্জ |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা অনুপস্থিত থাকলে তার প্রতিনিধিকে সভায় উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করবেন। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালগঞ্জ। |

| | | | |
|---|---|---|---|
| প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভায় জানান তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা তার বিভাগের কার্যক্রম সঠিক ভাবে পরিচালনার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জামালগঞ্জ। |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বর্তমানে জামালগঞ্জ উপজেলায় পরিবার পরিকল্পনা পদ্ধতির গ্রহনকারীর হার ৮০%। গত মাসে ২০ জন স্থায়ী পদ্ধতি ২৫ জন ইমপ্লানন এবং ৮ জন আই ইউডি পদ্ধতি গ্রহন করেছেন। তিনি আরো জানান যে, চলতি মাসের ২২ তারিখ ভীমখালী এবং ২৩ তারিখ সাচনা বাজার ইউনিয়নে ইমপ্লানন ক্যাম্পের আয়োজন করা হয়েছে। | পরিবার পরিকল্পনা কার্যক্রমকে আরো জোড়দার ও গতিশীল করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা যথাযথ ব্যবস্থা নিবেন। | উপজেলা প.প. কর্মকর্তা। জামালগঞ্জ। |
| যুব উন্নয়ন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা অনুপস্থিত । | |
| বিআরডিবি বিভাগ | উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা বিআরডিবি কর্মকর্তা সভায় অনুপস্থিত | উপজেলা বিআরডিবি কর্মকর্তা, জামালগঞ্জ। |
| একটি বাড়ি একটি খামার | একটি বাড়ী একটি খামার, সমন্বয়কারী অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা সমন্বয়কারী অনুপস্থিত।<br>অনুপস্থিত থাকার কারণ ব্যাখ্যা করবেন। | |
| জনস্বাস্থ্য প্রকৌশলী বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য কর্মকর্তা সভায় জানান, তার বিভাগের কার্যক্রম ভালভাবেই চলছে। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী যথাযথ ব্যবস্থা নিবেন। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, জামালগঞ্জ। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া যায়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সাচনা, জমালগঞ্জ। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোঃ সামছুল আলম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জামালগঞ্জ, সুনামগঞ্জ।

স্মারক নং-উঃপঃ/জামাল/পঃসভা-০১/২০১৬/ ৫৭(৬০)

তারিখঃ ১৮/১১/২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। জনাব ইঞ্জিনিয়ার মোয়াজ্জেম হোসেন রতন, মাননীয় সংসদ সদস্য, ২২৪ সুনামগঞ্জ-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
৬। মোঃ সামছুল আলম,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ
৭। জনাবা হাফিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮। জনাব মু. রশিদ আহমদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৯ -১৩। চেয়ারম্যান, ..........................................ইউপি, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৪।.................................................................... কর্মকর্তা, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
১৫। অফিস কপি।

১৮/১১/১৭

(মনিরুল হাসান)
মূখ্য নির্বাহী কর্মকর্তা
ও
উপজেলা নির্বাহী অফিসার
জামালগঞ্জ, সুনামগঞ্জ।